Department of Education

**চ্যান্সেলরের প্রবিধান**

নম্বর: **D-160**

বিষয়: **শূন্যপদ পূরণসহ সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস-এর সদস্যপদ মনোনয়ন এবং নির্বাচন প্রক্রিয়া**

শ্রেণী: **সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস**

ইস্যুর তারিখ: **29 এপ্রিল, 2021**

## পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান 28 জানুয়ারি, 2021 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান D-160 কে হালনাগাদ করে এবং তার স্থলাভিষিক্ত হয়।

পরিবর্তনসমূহ:

- প্রতি যোগ্য শিক্ষার্থীকে (সেকশন V.A.2) শুধুমাত্র একটি ভোট দানের পরিবর্তে তিনটি ভোট দানের সুযোগ প্রদান করে।

NYC Department of Education

**নম্বর D-160**

বিষয়: **শূন্যপদ পূরণসহ সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস-এর সদস্যপদ মনোনয়ন এবং নির্বাচন প্রক্রিয়া**

শ্রেণী: **সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস**

ইস্যুর তারিখ: **29 এপ্রিল, 2021**

## সারসংক্ষেপ

এই প্রবিধান সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস-এর যোগ্যতার শর্ত এবং প্রার্থীতা ও মনোনয়ন/নির্বাচন প্রক্রিয়ার বিস্তারিত ব্যাখ্যা দেয়। এছাড়াও এটি শূন্যপদ পূরণের প্রক্রিয়াও ব্যাখ্যা করে।

## I. গঠন

একটিমাত্র সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস ("CCHS") থাকবে যা 13 জন ভোটাধিকারী এবং একজন ভোটাধিকারহীন শিক্ষার্থী সদস্য নিয়ে গঠিত হয়। ভোটাধিকারী সদস্যদের মধ্য 10 জনকে অবশ্যই এই প্রবিধানে প্রতিষ্ঠিত বিধান অনুযায়ী নির্বাচিত পিতামাতা হতে হবে এবং অবশ্যই, যখন তারা নির্বাচিত হবেন, তখন তখন তাদেরকে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের ("DOE") কোনো হাই স্কুল শিক্ষার্থীর পিতামাতা হতে হবে; তদুপরী ভোটাধিকারী 10 সদস্যের মধ্যে প্রতিটি বরো থেকে সমসংখ্যক (দুইজন) করে প্রতিনিধি থাকতে হবে। অবশিষ্ট তিনজন সদস্যের প্রত্যেকেই মনোনীত হবেন যথাক্রমে নিউ ইয়র্ক সিটি পাবলিক এডভোকেট, সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন (CCSE), এবং সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স (CCELL) কর্তৃক। শিক্ষার্থী সদস্য মনোনীত হবে সিটিওয়াইড স্টুডেন্ট অ্যাডভাইজরি কাউন্সিল ("CSAC") কর্তৃক।

## II. যোগ্যতা

A. পিতামাতা সদস্য

1 CCHS-এ পরিষেবাদানকারী সকল পিতামাতাকে হতে হবে DOE হাই স্কুলে অধ্যয়নরত শিক্ষার্থীদের পিতামাতা।

2. পিতামাতা বলতে পিতা কিংবা মাতা (জন্মগত বা পালক, সৎ-পিতা বা তত্ত্বাবধানকারী পিতামাতা), আইনগত অভিভাবক, বা যার সাথে সন্তানের পিতামাতাসুলভ সম্পর্ক আছে, এমন কোনও ব্যক্তিকে বুঝায়। শিক্ষার্থীর সাথে পিতামাতার সম্পর্কে আবদ্ধ ব্যক্তি তিনি, যিনি পিতামাতা বা আইনগত অভিভাবকের স্থলে নিয়মিতভাবে সন্তানের সেবা ও তত্ত্বাবধানের জন্য সরাসরি দায়বদ্ধ থাকেন।

3. CCHS-এর কোনও আসনে প্রার্থী হওয়ার জন্য পিতামাতার আবেদনের তারিখ বিবেচনা করে যোগ্যতা নিশ্চিত করা হয়।

4. আবেদনের সময় কোনও যোগ্যতাসম্পন্ন পিতামাতা, যদি যথাযথভাবে নির্বাচিত হন, তাহলে তাকে, এমন কী তাদের সন্তান গ্র্যাজুয়েট হয়ে গেলেও এবং/অথবা DOE হাই স্কুলে লেখাপড়া বন্ধ করে দিলেও, পূর্ণ দুই বছর মেয়াদের জন্য কাজ করার অনুমোদিত থাকবেন।

5. পিতামাতা সদস্য দুই বছর মেয়াদের জন্য নির্বাচিত হন এবং কতবার নির্বাচিত হতে পারবেন, সেটি সীমিত নয়।

B. পাবলিক অ্যাডভোকেট কর্তৃক মনোনীত

1. পাবলিক এডভোকেট একজন ভোটাধিকারী সদস্য নিয়োগ দেবেন। সে সদস্যকে অবশ্যই সিটির বাসিন্দা হতে এবং ব্যবসা, বাণিজ্য কিংবা শিক্ষাগত অভিজ্ঞতায় প্রচুর অভিজ্ঞ ও জ্ঞানসম্পন্ন হতে হবে, যিনি DOE স্কুলসমূহে লেখাপড়ার অগ্রগতিতে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে সক্ষম হবেন। এ ধরনের সদস্য দুই বছর মেয়াদের জন্য নির্বাচিত হন এবং কতবার নির্বাচিত হতে পারবেন, সেটি সীমিত নয়।

2. যেসব ব্যক্তি CCHS-এ পাবলিক অ্যাডভোকেট কর্তৃক মনোনীত হতে আগ্রহী, তাদেরকে একটি আবেদনপত্র সংগ্রহ করতে হবে DOE অফিস অভ ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এম্পাওয়ারমেন্ট ("FACE") থেকে একটি আবেদনপত্র সংগ্রহ করতে হবে, এবং পূরণকৃত ফর্ম FACE-এ ccecinfo@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করতে হবে। FACE যোগ্যতা পর্যালোচনা করার পর যোগ্য আবেদনগুলি পাবলিক অ্যাডভোকেটের কাছে পাঠাবে। সকল নিযুক্তির সিদ্ধান্ত পাবলিক অ্যাডভোকেটের বিবেচনা অনুযায়ী হবে।

C. CCSE কর্তৃক মনোনীত

1. CCSE একজন ভোটাধিকারী সদস্য নিয়োগ দেবে। সে সদস্যকে ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্ল্যান (IEP) আছে, এমন কোনো DOE হাই স্কুল শিক্ষার্থীর পিতামাতা হতে হব। এ ধরনের সদস্য দুই বছর মেয়াদের জন্য নির্বাচিত হন এবং কতবার নির্বাচিত হতে পারবেন, সেটি সীমিত নয়।

2. CCSE-কে আবেদনপত্র পেতে হবে নির্বাচনের বছর জানুয়ারির শুরু থেকে, এবং মনোনয়ন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে 30 জুনের মধ্যে যাতে মনোনীত ব্যক্তি তার মেয়াদ শুরু করতে পারেন 1 জুলাই থেকে।

3. CCSE কর্তৃক CCHS-এ মনোনয়ন প্রার্থী ব্যক্তিদেরকে FACE-এর কাছ থেকে আবেদনপত্র সংগ্রহ করতে এবং পূরণকৃত ফর্মটি ccecinfo@schools.nyc.gov ঠিকানায় জমা দিতে হবে। FACE যোগ্যতা পর্যালোচনা করার পর যোগ্য আবেদনগুলি CCSE-এর কাছে পাঠাবে। সকল নিযুক্তির সিদ্ধান্ত CCSE-এর বিবেচনা অনুযায়ী হবে।

D. CCELL কর্তৃক মনোনীত

1. CCELL একজন ভোটাধিকারী সদস্য নিয়োগ দেবে। সে সদস্যকে অবশ্যই একটি DOE হাই স্কুলের একজন ইংরেজি ভাষা শিক্ষার্থী ("ELL")-এর পিতামাতা হতে হবে। একজন ELL বলতে বোঝায় এমন একজন শিক্ষার্থী যার বাড়ির ভাষা ইংরেজি নয় এবং যে দ্বৈত ভাষা, উত্তরণমূলক দ্বিভাষী শিক্ষা, অথবা ইংলিশ অ্যাজ এ নিউ ল্যাঙ্গুয়েজ প্রোগ্রামের শিক্ষার্থী কারণ তার ইংরেজি শিক্ষণে সহায়তার চাহিদা রয়েছে। এ ধরনের সদস্য দুই বছর মেয়াদের জন্য নির্বাচিত হন এবং কতবার নির্বাচিত হতে পারবেন, সেটি সীমিত নয়।

2. CCELL-কে আবেদনপত্র পেতে হবে নির্বাচনের বছর জানুয়ারির শুরু থেকে, এবং মনোনয়ন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে 30 জুনের মধ্যে যাতে মনোনীত ব্যক্তি তার মেয়াদ শুরু করতে পারেন 1 জুলাই থেকে।

3. CCELL কর্তৃক CCHS-এ মনোনয়ন প্রার্থী ব্যক্তিদেরকে FACE-এর কাছ থেকে আবেদনপত্র সংগ্রহ করতে এবং পূরণকৃত ফর্মটি ccecinfo@schools.nyc.gov ঠিকানায় জমা দিতে হবে। FACE যোগ্যতা পর্যালোচনা করার পর যোগ্য আবেদনগুলি CCELL-এর কাছে পাঠাবে। সকল নিযুক্তির সিদ্ধান্ত CCELL-এর বিবেচনা অনুযায়ী হবে।

E. শিক্ষার্থী সদস্য (ভোটাধিকারহীন)

1. হাই স্কুল শিক্ষার্থী যারা তাদের পরিষেবার বছরে সিনিয়র বছরে থাকবে এবং যারা তাদের স্কুলের নির্বাচিত স্টুডেন্ট গভর্নমেন্ট-এর সদস্য, তারা CSAC কর্তৃক মনোনীত হওয়ার যোগ্য। নির্বাচিত স্টুডেন্ট গভর্নমেন্টে কাজের জন্য যদি কোনও সিনিয়রকে পাওয়া না যায়, অন্যান্য নেতৃত্বশীল পদে আসীন নির্বাচিত সিনিয়রকে (যেমন কোনও ক্লাবের প্রেসিডেন্ট) বিবেচনা করা যেতে পারে। এই প্রবিধান সংশ্লিষ্ট উদ্দেশ্যে, সিনিয়র হলেন এমন শিক্ষার্থী যার 30 হাই স্কুল ক্রেডিট রয়েছে।

2. আগ্রহী শিক্ষার্থীদের অবশ্যই FACE থেকে একটি আবেদনপত্র সংগ্রহ করতে হবে এবং পূরণকৃত আবেদন ccecinfo@schools.nyc.gov ঠিকানায় জমা দিতে হবে। FACE যোগ্যতা পর্যালোচনা করার পর যোগ্য আবেদনগুলো CSAC-এর কাছে পাঠাবে। CSAC আবেদনগুলো পর্যালোচনা করবে এবং একজন প্রার্থীকে চ্যান্সেলেরের কাছে নিযুক্তির জন্য সুপারিশ করে পাঠানোর আগে সাক্ষাৎকার গ্রহণ করতে পারে।

3. ভোটাধিকারহীন শিক্ষার্থী সদস্যরা এক-বছরের মেয়াদে পরিষেবা দেয় যার শুরু জুলাই মাসের 1 তারিখ ও সমাপ্তি পরবর্তী বছরের 30 জুন।

F. যেসব ব্যক্তি পরিষেবাদানের যোগ্য নন

1. নিচে উল্লিখিত ব্যক্তিগণ যোগ্য নন:

   a. নির্বাচিত জনপ্রতিনিধি কিংবা পার্টির পক্ষ থেকে নির্বাচিত বা মনোনীত পদাধিকারী ব্যক্তি (জাতীয়, স্টেট, বিচার বিভাগীয় বা অন্য কোনও পার্টির সম্মেলনে, কিংবা কোনও কাউন্টি কমিটিতে প্রতিনিধি বা বিকল্প প্রতিনিধি ছাড়া);

   b. বর্তমান DOE কর্মচারীগণ;

   c. যেসব ব্যক্তি অন্য কোনও সিটিওয়াইড কাউন্সিলে বা যেকোনো কমিউনিটি কাউন্সিলে (CEC)-এ আছেন;

   d. প্যানেল ফর এডুকেশন পলিসি-এর সদস্যগণ;

   e. প্যারেন্ট অ্যাসোসিয়েশন অথবা প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশন ("PA/PTA"), স্কুল লিডারশিপ টিম, ডিস্ট্রিক্ট প্রেসিডেন্টস কাউন্সিল, বরো হাই স্কুল কাউন্সিল, কিংবা টাইটেল ওয়ান কমিটি থেকে যেসব ব্যক্তিকে তাদের কাজের সাথে সরাসরি সম্পর্কিত কোনও অপকর্মের জন্য অপসারণ করা হয়েছে কিংবা এসব অ্যাসোসিয়েশন, টিম, কাউন্সিল বা কমিটি থেকে তাদের কাজের সাথে সরাসরি সম্পর্কিত কোনও অপরাধে যারা দোষী সাব্যস্ত হয়েছেন; এবং

f. DOE-এর এথিক্স অফিসার বা চ্যান্সেলরের অন্য মনোনীত ব্যক্তি যেসব ব্যক্তিদের সাথে স্বার্থের দ্বন্দ্ব আছে বলে নিশ্চিত করেছেন।

2. নিচের উল্লিখিত ব্যক্তিগণ অযোগ্য বিবেচিত হতে পারেন:

a. যেসব শিক্ষার্থী CEC বা সিটিওয়াইড কাউন্সিলে পরিষেবাদান কালে এমন অপকর্ম করেছে যা তার কাজের সাথে সরাসরি সম্পর্কযুক্ত; কিংবা

b. কোনও অপরাধে দণ্ডিত হবার জন্য, যদি সে ধরনের দণ্ড নিউ ইয়র্ক স্টেট কারেকশন আইনের 23-A সেকশন অনুযায়ী হয়ে থাকে।

## III. CCHS-এ নির্বাচনে প্রার্থীতা চাওয়া

A. FACE নির্বাচন প্রক্রিয়াটি প্রকাশ করবে, এর অন্তর্ভুক্ত আবেদনপত্র জমাদান এবং ভোটিংয়ের সময়সীমা, যা শুরু হবে নির্বাচনের বছরের জানুয়ারিতে।

B. CCHS-এ পরিষেবাদানে আগ্রহী পিতামাতাগণ নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্টের ("NYCSA") মাধ্যমে অনলাইনে আবেদনপত্র জমা দেবেন। যেসব পিতামাতার কমপিউটার ব্যবহারের সুবিধা নেই তারা প্যারেন্ট কোঅর্ডিনেটরকে স্কুল বা ডিস্ট্রিক্ট অফিসের কমপিউটার ব্যবহারের ব্যবস্থা করতে অনুরোধ করতে পারেন বা কোনও পাবলিক লাইব্রেরির কমপিউটার ব্যবহার সম্পর্কিত তথ্য পেতে 311 নম্বরে ফোন করতে পারেন।

C. প্রার্থীরা তাদের আবেদনপত্রে প্রত্যয়ন করবেন যে তারা DOE স্কুলে অধ্যয়নরত তাদের সকল ছেলেমেয়েকে তাদের NYCSA অ্যাকাউন্ট-এর সাথে সংযুক্ত করেছেন। একজন প্রার্থী যিনি CCHS-এ আবেদন করছেন, তাকে তাদের কোনো সন্তান যে বরোতে হাই স্কুলে যাচ্ছে, সে বরোর সবগুলো DOE হাই স্কুলের প্রতিনিধি হিসেবে বিবেচনা করা হবে। কোনও প্রার্থী যে স্কুলগুলোর প্রতিনিধিত্ব করছেন, তিনি সেগুলোর প্রত্যেকটি সম্পর্কিত তথ্য প্রদান করতে ব্যর্থ হলে সেটি তাকে অযোগ্য বিবেচনা করার ভিত্তি বলে গণ্য করা হতে পারে।

D. প্রার্থীরা একাধিক কমিউনিটি এবং/অথবা সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলে আবেদন করতে পারবেন, এবং যতগুলো বরো-এর CCHS-এ আবেদনের যোগ্য, ততটির প্রতিনিধিত্ব করার আবেদন করতে পারেন, তবে যদি তিনি নির্বাচিত হলে তাকে শুধু একটি কাউন্সিলে পরিষেবাদানের বা CCHS আসন অধিকারের সুযোগ দেওয়া হবে। যেসব প্রার্থী একাধিক কাউন্সিল এবং CCHS আসনে আবেদন করতে আগ্রহী, তাদের অবশ্যই অগ্রাধিকারের ভিত্তিতে কাউন্সিলগুলিকে ক্রমানুসারে তালিকাভুক্ত করতে হবে; যদি তিনি একাধিক কাউন্সিলে নির্বাচিত হন, তাহলে তিনি শুধু সেই কাউন্সিল বা আসনে পরিষেবা দেবেন যেটিকে তিনি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছেন।

## IV. ক্যান্ডিডেট ফোরাম বা প্রার্থীদের সম্মেলন

A. প্রতিটি 'বরো হাই স্কুল প্রেসিডেন্টস্ কাউন্সিল' FACE-এর সহায়তা ও আনুষঙ্গিক সমর্থন নিয়ে কমপক্ষে একটি প্রার্থী ফোরাম আয়োজন করবে যেখানে প্রার্থীদেরকে সুযোগ দেওয়া হবে পিতামাতা ও আগ্রহী অন্যান্য পক্ষগুলোর কাছে নিজেদের উপস্থাপন করার জন্য।

B. সকল প্রার্থী ফোরাম অনুষ্ঠিত হতে হবে প্রার্থীতার আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ অতিক্রান্ত হওয়ার পর, কিন্তু ভোটদান-পর্ব শুরুর আগে, যার সমাপ্তি হতে হবে নির্বাচনী বছরের মে মাসের দ্বিতীয় মঙ্গলবার।

C. প্রার্থী ফোরামসমূহ কোনও এটি নির্দিষ্ট স্থানে উপস্থিতির মাধ্যমে অথবা ভার্চুয়াল মিটিং প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হতে পারে। প্রেসিডেন্টস্ কাউন্সিল, FACE-এর সাথে মিলিতভাবে প্রার্থী ফোরাম বা প্রার্থীদের সম্মেলনের তারিখ, সময় এবং ফর্ম্যাট নির্ধারণ করবে। সশরীরে অংশগ্রহণযোগ্য ফোরামের ক্ষেত্রে FACE একটি প্রবেশযোগ্য, ADA মেনে চলা স্থানের ব্যবস্থা করবে এবং DOE-এর স্থান ব্যবহারের জন্য সকল প্রয়োজনীয় অনুমতি নেবে ও ব্যয়ভার বহন করবে। ভার্চুয়াল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত ফোরামসমূহের ক্ষেত্রে, FACE প্ল্যাটফর্মের খরচ বহন এবং মিটিংয়ের সময় টেকনিক্যাল সহায়তা প্রদান করবে।

D. প্রতিটি প্রার্থী ফোরামের আগে, FACE প্রত্যেক প্রার্থীর আবেদনের কিছু অংশ লভ্য রাখবে যেখানে প্রার্থীর নাম, তার সন্তানের(দের) স্কুল(সমূহ) এবং প্রোগ্রাম, এবং ব্যক্তিগত বিবৃতির ("প্রার্থীর পরিচিতির পার্শ্বচিত্র") উল্লেখ থাকবে। পিতামাতা এবং জনসাধারণের দেখার জন্য DOE ওয়েবসাইটে প্রার্থী পরিচিতির পার্শ্বচিত্র পোস্ট করা হবে। সশরীরে উপস্থিতির মাধ্যমে আয়োজিত ফোরামের ক্ষেত্রে FACE বিতরণের জন্য অনুলিপির ব্যবস্থা করবে।

## V. নির্বাচন প্রক্রিয়া

### A. যোগ্য ভোটারগণ

1. কোনো DOE হাই স্কুলে বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থীর পিতামাতা সে CCHS নির্বাচনে কোনো আসনে ভোটদানের যোগ্য হবেন যা সে বরোর প্রতিনিধিত্ব করবে যে বরোতে সে হাই স্কুলটি অবস্থিত।

2. প্রত্যেক যোগ্য শিক্ষার্থী তিনটি ভোট দিতে পারবে।

### B. ভোটদান

1. NYCSA আবেদনের মাধ্যমে পিতামাতাদের ভোটদানের উৎসাহ প্রদান করা হয়।

2. যেসব পিতামাতার কমপিউটার ব্যবহারের সুবিধা নেই তারা প্যারেন্ট কোঅর্ডিনেটরকে স্কুল বা ডিস্ট্রিক্ট অফিসের কমপিউটার ব্যবহারের ব্যবস্থা করতে অনুরোধ করতে পারেন বা কোনও পাবলিক লাইব্রেরির কমপিউটার ব্যবহার সম্পর্কিত তথ্য পেতে 311 নম্বরে ফোন করতে পারেন।

3. সুপারিনটেনডেন্টদের অফিসগুলিতে কাগজের ব্যালটও পাওয়া যাবে। যদি কোনো সুপারিনটেনডেন্টের অফিস একটি NYCSA অ্যাকাউন্ট তৈরি করেন কোনো পিতামাতার পক্ষে ভোটদান করেন, তাহলে সে সুপারিনটেনটেন্ড অফিসকে অবশ্যই পিতামাতাদের পূরণ করা কাগজের ব্যালটের(সমূহের) রেকর্ড এবং একটি NYCSA অ্যাকাউন্ট তৈরির জন্য পিতামাতার অনুমোদনের রেকর্ড সংরক্ষণ করতে এবং সে পিতামাতার পক্ষে ভোটদান করতে হবে, এবং প্রত্যয়ন করতে হবে যে, সুপারিনটেনডেন্ট অফিস সে পিতামাতার পক্ষে ভোট দান করেছে।

C. **পদাধিকারী প্রার্থী**

1. নির্বাচিত দশটি CCHS আসন পূরণ করা হতে পারে যে কোনো যোগ্য পিতামাতার দ্বারা। তবে CCHS-এ প্রতিটি বরোর অনূর্ধ্ব দুইজন অতিরিক্ত প্রতিনিধি থাকতে পারবে, এবং উভয় আসন পূরণ করার ব্যতিক্রমী বাধ্যবাধকতা ছাড়া, এসব প্রতিধিদেরকে অবশ্যই সে বরোর ভিন্ন কোনো স্কুলে অধ্যয়নরত শিক্ষার্থীর পিতামাতা হতে হবে।

2. যখন ব্যালট গণনা করা হবে:

   a. প্রত্যেক বরোর সর্বোচ্চ ভোট লাভকারী দুই জন প্রার্থীকে শর্তসাপেক্ষে আসন পূরণের জন্য মনোনীত বলে বিবেচিত হবেন। তবে যদি এ প্রার্থীরা একই স্কুল থেকে এসে থাকেন, তাহলে সর্বোচ্চ ভোট প্রাপ্ত প্রার্থীকে মনোনীত বিবেচনা করা হবে, যে প্রার্থী স্বল্পতর ভোট পাবেন, তাকে অপসারণ করা হবে, এবং ইতোমধ্যে প্রতিনিধিত্বহীন কোনো স্কুল থেকে আসা পরবর্তী সর্বোচ্চ ভোটপ্রাপ্ত প্রার্থীকে CCHS মনোনীত করা হবে।
   b. যে প্রার্থী শর্তসাপেক্ষে একাধিক বরোতে একটি পদ পূরণের জন্য মনোনীত হন, তাহলে যে বরোকে তিনি তার আবেদনপত্রে শীর্ষে স্থান দিয়েছেন, সে বরো-এর প্রতিনিধিত্ব করবেন, এবং অপর সকল বরো-এর ক্ষেত্রে বিবেচিত হওয়া থেকে অপসারিত হবেন।

D. **পুনঃনির্বাচন**

1. পুনঃনির্বাচন আয়োজন করতে হবে, যখন:

   a. প্রার্থীগণ সমান ভোট পেয়ে থাকেন; অথবা

   b.. একই স্কুল থেকে আসেননি, প্রাথমিকভাবে এমনসব প্রার্থীরা CCHS-এর সকল আসন পূরণ করার পর এক বা একাধিক আসন খালি থাকলে।

2. প্রার্থীগণ সমান সমান ভোট পাবার ক্ষেত্রে, শুধুমাত্র ঐসব প্রার্থী যারা সমান ভোট পেয়েছেন তাদের মধ্যে পুনরায় নির্বাচন হবে।

3. এক বা একাধিক পদ অপূর্ণ থাকার কারণে পুনঃনির্বাচনের ক্ষেত্রে যেসব পিতামাতার সন্তান যদি এমন স্কুলগুলোতে থাকে ইতোমধ্যে যেগুলোর প্রতিনিধি CCHS-এ বিদ্যমান আছেন, সেসব প্রার্থীদের অপসারণের পর, শুধু শর্তসাপেক্ষে মনোনীত প্রার্থীগণ, যারা একটি অপূর্ণ আসন আছে এমন বরো-এর প্রতিনিধিত্ব করেন, এবং যাদের ছেলেমেয়ে ইতোমধ্যে বিরাজমান প্রতিনিধিকারী প্রার্থী আছে, এমন স্কুলে নেই, সেগুলো পুনঃনির্বাচনে অংশগ্রহণ করবে। যদি পুনঃনির্বাচন আসন পূরণ করতে ব্যর্থ হয়, তাহলে CCHS-এ একই স্কুল থেকে একাধিক প্রতিনিধিত্ব লাভে যে নিষেধাজ্ঞা রয়েছে, সেটা প্রয়োগ করা হবে না।

4. পুনঃনির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্যে টাই হয়, তাহলে DOE-এর পক্ষে নির্বাচন পরিচালনাকারী নিরপেক্ষ সংস্থা লটারির মাধ্যমে বিজয়ী নির্ধারণ করবে।

5. তবে, উপরে দেওয়া পুনঃনির্বাচন প্রক্রিয়াতে সকল আসন পূরণ না হয়, তাহলে কাউন্সিলে একটি আসন শূন্য বলে গণ্য করতে হবে, যা এই প্রবিধানের অনুচ্ছেদ IX.A এবং IX.A.3-এর প্রক্রিয়া অনুযায়ী পূরণ করতে হবে।

## VI. নির্বাচন-উত্তর যোগ্যতা/উপযুক্ততার পর্যালোচনা

A. প্রার্থীদের শর্তাধীনে নির্বাচিত হওয়ার পরে, কিন্তু দায়িত্বভার গ্রহণের আগে FACE-কে নির্ধারণ করতে হবে যে তারা CCHS-এ পরিষেবাদানের যোগ্য কি-না। প্রার্থী যোগ্য কিনা সেটি FACE নির্ধারণ করে, FACE একটি লিখিত সিদ্ধান্ত ইস্যু করবে যার মধ্যে থাকবে তার এই ইস্যুকৃত বিষয়ের বাস্তব এবং আইনি ভিত্তি। FACE কর্তৃক কোনও প্রার্থী অযোগ্য বিবেচিত হলে তাকে একই বরো-এর প্রার্থী এবং যিনি পরবর্তী সর্বোচ্চ ভোট পেয়েছেন, তাকে দিয়ে স্থলাভিষিক্ত করা হবে এবং যিনি এমন স্কুলের হবেন CCHS-এ যার কোনও প্রতিনিধিত্ব নেই।

B. যদি কোনো মনোনীত প্রার্থী নির্বাচন বছরের 30 জুন তারিখে বা তার আগে অনুপযুক্ত বা অযোগ্য বিবেচিত হন, তাহলে প্রাথমিক নির্বাচন প্রক্রিয়ায় একই বরো-এর প্রতিনিধিত্বকারী যে প্রার্থী পরবর্তী সর্বোচ্চ ভোট পেয়েছেন, এবং যিনি এমন স্কুল থেকে আসেননি যার ইতোমধ্যে CCHS-এ প্রতিনিধিত্ব আছে, তাকে শর্তাধীনে নির্বাচিত বিবেচনা করতে হবে।

C. যদি এই সেকশনে উল্লিখিত বিধি অনুযায়ী নির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্যে টাই হয়, তাহলে DOE-এর পক্ষে নির্বাচন পরিচালনাকারী নিরপেক্ষ সংস্থা লটারির মাধ্যমে বিজয়ী নির্বাচন করবে।

D. যদি যোগ্য কোনও প্রার্থী নির্বাচনের জন্য পাওয়া না যায়, তাহলে কাউন্সিলের একটি পদ শূন্য বলে ধরা হবে যা এই প্রবিধানের সেকশন IX.A প্রতিষ্ঠিত নিয়ম অনুযায়ী পূরণ করা হবে।

## VII. সময়

A. প্রতি দুই বছর পর পর, বিজোড় বছরে CCHS সদস্যদের নির্বাচনগুলি অনুষ্ঠিত হবে। কোনো পুনঃনির্বাচন থাকলে সেগুলো ব্যতীত, ভোটদান শেষ হতে হবে মে মাসের দ্বিতীয় মঙ্গলবার।

B. নির্বাচন অনুষ্ঠানের বছরের জানুয়ারিতে নির্বাচন প্রক্রিয়া শুরু হবে, যখন FACE কর্তৃক CCHS-এর ভূমিকা, তার কাজ-কর্ম, এবং কর্মকাণ্ড সম্পর্কিত সাধারণ তথ্য, প্রার্থী তথ্যের পাশাপাশি আবেদন এবং ভোটদান প্রক্রিয়ার প্রকৃতি সম্পর্কিত তথ্য বিতরণ করা হবে।

C. নির্বাচনের পর CCELL সদস্যদের মেয়াদ শুরু হবে 1 জুলাই থেকে এবং শেষ হবে পরবর্তী দুই বছর শেষে 30 জুন তারিখে। সকল CCHS সদস্যকে মেয়াদ শুরু হবার আগে অবশ্যই FACE কর্তৃক আয়োজিত পরিচিতি অধিবেশনে যোগ দিতে হবে, এবং কমপক্ষে তাদের মেয়াদের দ্বিতীয় বছরে একটি বাড়তি ট্রেনিং নিতে হবে।

## VIII. পদত্যাগ

A. পিতামাতা সদস্য এবং CCSE, এবং CCELL কর্তৃক মনোনীত সদস্য

পিতামাতা সদস্যদের এবং CCSE ও CCELL-এর মনোনীতদের পদত্যাগ অবশ্যই লিখিতভাবে FACE-কে উদ্দেশ্য করে ccecinfo@schools.nyc.gov ঠিকানায় পাঠাতে হবে। পদত্যাগপত্র FACE-এর হস্তগত হওয়ার পর অবিলম্বে কার্যকর হবে, যদি না তা ভবিষ্যতের কোনো তারিখ উল্লেখপূর্বক দেওয়া হয়। FACE-এর সম্মতি ব্যতীত পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, কিংবা সংশোধন করা যাবে না।

B. পাবলিক এডভোকেট কর্তৃক মনোনীতদের

পাবলিক অ্যাডভোকেট কর্তৃক মনোনীত সদস্যের পদত্যাগ লিখিতভাবে পাবলিক অ্যাডভোকেটের কাছে এবং একটি কপি ccecinfo@schools.nyc.gov ঠিকানায় FACE-এ পাঠাতে হবে। পদত্যাগপত্র পাবলিক অ্যাডভোকেট-এর হস্তগত হওয়ার পর অবিলম্বে কার্যকর হবে, যদি না তা ভবিষ্যতের কোনো তারিখ উল্লেখপূর্বক দেওয়া হয়। পাবলিক এডভোকেটের অনুমোদন ছাড়া পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, কিংবা সংশোধন করা যাবে না।

C. শিক্ষার্থী সদস্য

চ্যান্সেলরকে উদ্দেশ্য করে, FACE-এর কাছে একটি অনুলিপি ccecinfo@schools.nyc.gov ঠিকানায় দিয়ে শিক্ষার্থী সদস্যের পদত্যাগপত্র অবশ্যই লিখিতভাবে পাঠাতে হবে। এ ধরনের পদত্যাগপত্র চ্যান্সেলর-এর হস্তগত হওয়ার পর অবিলম্বে কার্যকর হবে, যদি না তা ভবিষ্যতের কোনো তারিখ উল্লেখপূর্বক দেওয়া হয়। চ্যান্সেলরের অনুমোদন ছাড়া পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, কিংবা সংশোধন করা যাবে না।

## IX. পদশূন্যতা

A. পিতামাতা সদস্য এবং CCSE, CCELL, এবং পাবলিক এডভোকেট কর্তৃক মনোনীতদের পদশূন্যতা

1. যেসকল CCHS সদস্য যারা, তাদের পদের মেয়াদে, যথাযথভাবে অবহিতকরণের পরেও লিখিতভাবে বৈধ কারণ না দেখিয়ে সূচিভুক্ত CCHS-এর প্রতিমাসের নিয়মিত মিটিংগুলির তিনটিতে উপস্থিত থাকতে অস্বীকৃতি অথবা অবহেলা করেন, তাদেরকে ধরে নেয়া হবে তারা পদত্যাগ করেছেন।

    a. প্রতিটি অনুপস্থিতি এবং লিখিত ব্যাখ্যা ঐ মিটিংয়ের দাপ্তরিক কার্যবিবরণীতে লিপিবদ্ধ করা হবে।

    b. নিম্নলিখিত বিষয়গুলি অনুপস্থিতির জন্য বৈধ কারণ হিসাবে গণ্য হয়ে থাকে: কোনও আত্মীয়ের মৃত্যু বা আত্মীয়ের অন্তেষ্টিক্রিয়ায় অংশগ্রহণ; CCHS সদস্য বা পরিবারের কারো মারাত্মক অসুখ বা আহত হওয়া; জুরি ডিউটিসহ বাধ্যতামূলক কোর্ট হাজিরা; মিলিটারি ডিউটি; চাকরির সাথে সম্পর্কিত দ্বন্দ্ব যার কারণে কোনো CCHS সভায় অনুপস্থিতি থেকে রেহাই পাওয়া যায়নি; এবং অন্যান্য কারণ যা CCHS উপযুক্ত মনে করে। অন্য এই রকম কারণ বৈধ ধরা হতে পারে যদি সেগুলি লিখিতভাবে অনুপস্থিতির 15 দিনের মধ্যে CCHS-এ পাঠানো হয় এবং পরবর্তী নিয়মিত সূচিভুক্ত মাসিক মিটিংয়ের সময় CCHS-এর ভোটে অনুমোদিত হয় যেখানে মিটিংয়ের কোরাম উপস্থিত।

    c. তৃতীয় অননুমোদিত অনুপস্থিতির পর CCHS আসনটিকে প্রস্তাব গ্রহণের মাধ্যমে শূন্য ঘোষণা করবে এবং FACE-কে এই পদক্ষেপের কথা জানিয়ে দেবে। যেক্ষেত্রে পাবলিক অ্যাডভোকেট, CCSE, বা CCELL কর্তৃক মনোনীতদের আসনে কোনো পদশূন্যতা ঘোষিত হয়, সেক্ষেত্রে CCELL-কে যথাক্রমে পাবলিক অ্যাডভোকেট, CCSE, এবং CCELL-কেও অবহিত করতে হবে।

2. যখন কোনও পিতামাতার পদ শূন্য হয়, তখন CCHS-কে মেয়াদের অবশিষ্ট নির্বাচন সময়ের জন্য কোনও একটি উন্মুক্ত সভা থেকে সে পদ পূরণ করতে হবে।

a. CCHS শূন্য পদটি সম্পর্কে ব্যাপকভাবে প্রচার করবে, আবেদন প্রক্রিয়ার বিবরণ দেবে এবং আবেদনপত্র জমাদানের একটি সময়সীমা উল্লেখ করবে।

b. সকল প্রার্থীদেরকে অবশ্যই একটি করে CCHS ভ্যাকেন্সি অ্যাপ্লিকেশন (আবেদনপত্র) FACE থেকে সংগ্রহ করতে ও পূরণকৃত ফর্মটি FACE-এ জমা দিতে হবে। FACE আসন পূরণের যোগ্যতা পর্যালোচনা করবে, এবং যোগ্য প্রার্থীদের আবেদনের অংশসমূহ CCHS-এ পাঠাবে।

c. যে বরোতে পদশূন্যতা আছে, সেখানকার হাই স্কুল প্রেসিডেন্টস কাউন্সিলকে পিতামাতার শূন্য পদ পূরণের জন্য লিখিত সুপারিশ প্রদানের সুযোগ দিতে হবে এবং শূন্য পদ পূরণের আগে CCHS-এর সাথে মতবিনিময় করতে হবে।

3. টাই ভোটের কারণে পদশূন্যতা ঘোষণা দেওয়ার 60 দিনের মধ্যে যদি CCHS-এর পিতামাতাদের জন্য নির্দিষ্ট আসন পূরণ করা না হয়, তাহলে টাই ব্রেক করার জন্য চ্যান্সেলর ভোট দেবেন। যদি অন্য কারণে CCHS 60 দিনের মধ্যে আসন পূরণ করতে ব্যর্থ হয়, তাহলে চ্যান্সেলর CCHS–কে সে শূন্য আসন পূরণের আদেশ দেবেন।

4. পাবলিক এডভোকেট মনোনীত কোনও আসন শূন্য হলে পাবলিক অ্যাডভোকেট মেয়াদের অবশিষ্ট সময় কাজ করার জন্য একজন সদস্য মনোনীত করবেন। আগ্রহী প্রার্থীদেরকে অবশ্যই একটি করে CCHS পাবলিক অ্যাভোকেট অ্যাপয়েন্টি অ্যাপ্লিকেশন (আবেদনপত্র) FACE থেকে সংগ্রহ করতে ও পূরণকৃত ফর্মটি FACE-এ জমা দিতে হবে। FACE সে আসন পূরণের যোগ্যতা পর্যালোচনা করবে এবং আবেদনগুলি পাবলিক অ্যাডভোকেটের কাছে পাঠাবে। মনোনয়নের সকল সিদ্ধান্ত পাবলিক অ্যাডভোকেটের বিবেচনা অনুযায়ী হবে।

5. CCSE এবং/অথবা CCELL মনোনীত কোনও আসন শূন্য হলে মনোনয়নকারী কাউন্সিল মেয়াদের অবশিষ্ট সময় কাজ করার জন্য একজন সদস্য মনোনয়ন দেবে। আগ্রহী ব্যক্তিদেরকে অবশ্যই একটি করে CCHS ভ্যাকেন্সি অ্যাপ্লিকেশন (আবেদনপত্র) FACE থেকে সংগ্রহ করতে ও পূরণকৃত ফর্মটি FACE-এ জমা দিতে হবে। FACE সে আসন পূরণের যোগ্যতা পর্যালোচনা করবে এবং আবেদনগুলি যথাপ্রযোজ্যভাবে CCSE এবং/অথবা CCELL-এর কাছে পাঠাবে। মনোনয়নের সকল সিদ্ধান্ত CCSE এবং/অথবা CCELL-এর বিবেচনা অনুযায়ী হবে।

B. শিক্ষার্থী সদস্যের পদশূন্যতা

পদশূন্যতা শিক্ষার্থী সদস্যের ক্ষেত্রে হলে CSAC মেয়াদের অবশিষ্ট সময় কাজ করার জন্য আরেকজন সিনিয়রকে চ্যান্সলরের কাছে সুপারিশ করবে। চ্যান্সেলর CCHS এবং FACE অফিসকে তার মনোনয়নের কথা জানাবেন।

## X. অভিযোগ প্রক্রিয়া

এই প্রবিধানের প্রতিপালন নিশ্চিত করার ব্যাপারে সকল অভিযোগ চ্যান্সেলর বরাবর লিখিতভাবে বিধিভঙ্গের পাঁচ (5) দিনের মধ্যে জমা দিতে হবে এবং অবশ্যই এতে অভিযোগের কারণ সুনির্দিষ্টভাবে ব্যাখ্যা করতে হবে।

## XI. কৌশলগত সহায়তা

FACE এই প্রবিধানের অন্তর্ভুক্ত প্রক্রিয়া বাস্তবায়নের ব্যাপারে তত্ত্বাবধান করবে এবং প্রয়োজনীয় কৌশলগত সহায়তা প্রদান করবে।

## XII. অনুসন্ধান

এই প্রবিধান সংক্রান্ত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে:

অফিস অভ ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এমপাওয়ারমেন্ট

N.Y.C. Department of Education

52 Chambers Street - Room 409

New York, NY 10007

ফোন: 212-374-4118

ইমেইল: ccecinfo@schools.nyc.gov